

# সিডনী অপেরা হাউস

আহমেদ সাবের

জলদেহী জলকন্যা উঠে আসে, জলের শরীরে।  
সবুজ শ্যাওলা গায়ে, নীল রংগা আকাশের নীচে,  
ঘুম ভেঙ্গে, ঘুম চোখে, মদালসা রমনীর মতো।  
কেউই চিনেনা তাকে, অঙ্গরীতো ছিলনা সে।

উটযন অতি যত্নে ঐকে দিল ভরাট শরীর।  
অঞ্জোর সৌন্দর্য্য দিল কারুণ্য হাতে,  
মুখে তার হাসি দিল, লাজ রংগা চোখ,  
গভীর চালনী দিল, লাজ রংগা চোখের গভীরে  
এবং দেহের বাঁক, কমলার পেলব শরীর, কিংবা  
নৌকার উঁচু পাল, সর্বলোকে বলে।  
গাত্রে জড়িলো তার ফকফকা সাপের খোলশ।  
তারপর অভিমানে চলে গেল দূরের স্বদেশে।

অতঃপর রাত্রি নামে, ধীরে ধীরে, ধীরে .. ধীরে .. ধীরে।  
সিডনী নগরী ডাকে, 'জলকন্যা আসো'।  
তারকা নিষ্প্রভ করে জ্বলে দেয় শত লক্ষ আলো,  
রঙ্গীন গালিচা পেতে ডেকে বলে, 'আসো',  
লোহার তোরন গড়ে তাহার সন্মানে, বড় ভালবেসে।

জলকন্যা স্থির হয়, জলের শরীরে,  
মুকুতার মতো জ্বলে রাজহংস দেহ,  
মোনালিসা হয়ে রানী, বসে থাকে জল সিংহাসনে,  
সেখানেই রয়ে যায় যুগ যুগ ধরে।

*Sydney March 10, 2006*